দৈনিক বাংলা

তারিখ 05 JAN 1988

পৃষ্ঠা ৭ কলাম ৬

৭

# সারাদেশে প্রাথমিক শিক্ষা পক্ষ চলছে

সার্বজনীন প্রাথমিক শিক্ষা কর্মসূচীর সফল বাস্তবায়নের লক্ষ্যে প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী বয়সের শিশুদেরকে বিদ্যালয়ে ভর্তি ও পঞ্চম শ্রেণীর পাঠ সমাপন করা পর্যন্ত তাদেরকে বিদ্যালয়ে ধরে রাখার লক্ষ্যে প্রাথমিক শিক্ষা অধিদফতরের উদ্যোগে এবং উপজেলা পরিষদসমূহের ব্যবস্থাপনায় ১লা জানুয়ারী থেকে ১৫ই জানুয়ারী পর্যন্ত দেশের সর্বত্র প্রাথমিক বিদ্যালয় ক্লাস্টার ও উপজেলা পর্যায়ে প্রাথমিক শিক্ষা পক্ষ পালিত হচ্ছে।

এই উপলক্ষে প্রতি উপজেলায় শিক্ষা সমাবেশ, খেলাধুলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান, শ্রেষ্ঠ বিদ্যালয় ও শিক্ষকদের পুরস্কৃতকরণ, ছাত্রছাত্রীদের মধ্যে সরকারী ব্যয়ে পাঠ্যপুস্তক বিতরণসহ বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে। খবর তথ্য বিবরণীর।